# একাদশ শ্রেণিতে ভর্তি নির্দেশিকা

# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি
# (www.xiclassadmission.gov.bd)

## ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর, বাংলাদেশ মাদরাসা ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

## (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ)

## সাধারণ নির্দেশনা

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল কলেজ/মাদরাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ইন্টারনেট অথবা মোবাইল **SMS** এর মাধ্যমে আবেদন করা যাবে।
- ০৯ মে হতে ২৬ মে, ২০১৭ তারিখের মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ইন্টারনেট অথবা মোবাইল **SMS** অথবা উভয় পদ্ধতিতে আবেদন করা যাবে।
- ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী এবং ফলাফল নির্ধারিত ওয়েবসাইট **(www.xiclassadmission.gov.bd)** এবং স্ব স্ব বোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।
- এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন বা বাতিল করার অধিকার শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ইন্টারনেটে সর্বোচ্চ ১০টি কলেজ/মাদ্রাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে আবেদনের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) আবেদন ফি প্রযোজ্য হবে। SMS-এর মাধ্যমে আবেদনের ক্ষেত্রে প্রতি আবেদনের জন্য ১২০/- (একশত বিশ টাকা) আবেদন ফি প্রযোজ্য হবে। উভয় ক্ষেত্রেই আবেদন ফি টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে প্রদান করতে হবে।
- ইন্টারনেট এবং SMS উভয় পদ্ধতি মিলে সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠানে আবেদন করা যাবে। উদাহরণস্বরূপঃ কোন আবেদনকারী SMS-এ মাধ্যমে ১ম বার ৩ (তিন) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করেছে, পরবর্তীতে সে প্রয়োজনে ইন্টারনেটের মাধ্যমে আরও ৭(সাত) টি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে।
- ইন্টারনেটে/SMS আবেদনে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- প্রথমবার আবেদনের সময় (ইন্টারনেট/SMS উভয় ক্ষেত্রেই প্রযোজ্য) শিক্ষার্থীকে একটি মোবাইল নম্বর দিতে হবে, যেটি শিক্ষার্থীর Contact Number হিসেবে বিবেচিত হবে। Contact Number টি শিক্ষার্থীর জন্য অতীব গুরত্বপূর্ণ কেননা পরবর্তীতে শিক্ষার্থীর সকল যোগাযোগ ও আবেদনের জন্য কিংবা ইন্টারনেট এর মাধ্যমে আবেদন সংশোধনের জন্য এই Contact Number টির প্রয়োজন হবে।
- একাধিক শিক্ষার্থীর আবেদনে একই **Contact Number** ব্যবহার করা যাবে না অর্থাৎ ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর **Contact Number** ভিন্ন ভিন্ন হতে হবে। **Contact Number** টি পরিবর্তন করা যাবেনা, তাই এক্ষেত্রে যথেষ্ট সাবধানতা অবলম্বন করতে হবে যাতে এটি ভুল না হয়।
- শিক্ষার্থীদের আবেদনের (ইন্টারনেট/SMS) ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠান/Subject/Group/Version অনুযায়ী পছন্দক্রম প্রযোজ্য হবে। SMS-এর মাধ্যমে আবেদনের ক্ষেত্রে SMS-এর সময়ক্রম অনুযায়ী পছন্দক্রম নির্ধারিত হবে। ইন্টারনেটে আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থী তার পছন্দক্রম সরাসরি ইনপুট দিতে পারবে (অর্থাৎ এন্ট্রি করতে পারবে)।
- নির্ধারিত সময়ের মধ্যে ইন্টারনেটের মাধ্যমে সর্বোচ্চ ৫(পাঁচ) বার কলেজের পছন্দক্রম ও কলেজ পরিবর্তন করা যাবে।

▶ ৩ (তিন) টি পর্যায়ে ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। একজন শিক্ষার্থীকে তার মেধা ও পছন্দক্রম অনুযায়ী একটি মাত্র কলেজের জন্য নির্বাচন করা হবে। নির্বাচিত শিক্ষার্থী নিজেই অন-লাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়ে নির্বাচিত কলেজে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবে। সর্বোচ্চ ২(দুই) বার মাইগ্রেশনের জন্য আবেদন করতে পারবে।

## ১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন ঃ

১.১ ২০১৫, ২০১৬, ২০১৭ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪, ২০১৫, ২০১৬ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলী পূরণ সাপেক্ষে কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে।

১.২ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ-এ গ্রুপ নির্বাচন করতে পারবে, যথাঃ

i) সাধারণ শিক্ষা বোর্ডের ভর্তির ক্ষেত্রেঃ
- (ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;
- (খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি এবং
- (গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপের যে কোন একটি।

ii) মাদরাসা শিক্ষা বোর্ডের ভর্তির ক্ষেত্রেঃ
- (ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদরাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান, সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;
- (খ) সাধারণ গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদরাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;
- (গ) মুজাব্বিদ গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদরাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;
- (ঘ) দাখিল (ভোক) গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা মাদরাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;

iii) কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তির ক্ষেত্রেঃ
- (ক) এসএসসি (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা/ভোকেশনাল), দাখিল/দাখিল ভোক সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এইচএসসি (বিএম)/ডিপ্লোমা-ইন-কমার্স গ্রুপের যে কোন একটি;
- (খ) এসএসসি (ভোক)/দাখিল (ভোক) গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং কারিগরি শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক গ্রুপের যে কোন একটি;
- (গ) এসএসসি (ভোগ/দাখিল (ভোক) গ্রুপ থেতে উত্তীর্ণ শিক্ষার্থীরা এইটএসসি ভোকেশনাল) গ্রুপের যে কোন একটি;

---

## ২। ইন্টারনেট এ ভর্তির আবেদন দাখিলের জন্য করণীয়ঃ

**ইন্টারনেট-এ আবেদন করার ক্ষেত্রে নিচে প্রদত্ত ধাপসমূহ ২.১ ২.৩ অনুসরণ করতে হবে।**

| ধাপসমূহ | ইন্টারনেট আবেদনের জন্য করণীয় |
|---|---|
| ২.১ আবেদনের ফি প্রদান পদ্ধতি | ইন্টারনেটে আবেদনের পূর্বে শিক্ষার্থীকে শুধুমাত্র টেলিটকের মোবাইল (প্রি-পেইড) ব্যবহার করে SMS-এর মাধ্যমে আবেদন ফি প্রদান করতে হবে। প্রার্থীকে তার এসএসসি/সমমানের পরীক্ষার বোর্ড, রোল নম্বর, পাসের সন এবং রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে টেলিটকের সিমের মাধ্যমে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) ফি জমা প্রদান করতে হবে।<br><br>১. মোবাইলের Message (Option)-এ গিয়ে নিম্নলিখিত নিয়মে আবেদন ফি প্রদান করতে হবেঃ<br>CAD <space> WEB <space> Board <space> Roll <space> Year <space> Reg লিখে 16222 নম্বরে Send করতে হবে।<br>উপরের Message-এ Board এর স্থলে শিক্ষার্থীর নিজের বোর্ডের প্রথম তিন অক্ষর (যেমন DHA), Roll এর স্থলে শিক্ষার্থীর এসএসসি/সমমান পরীক্ষার Roll No, Year এর স্থলে এসএসসি/সমমান পরীক্ষার Passing Year (যেমন 2017), এবং Reg এর স্থলে শিক্ষার্থীর এসএসসি/সমমান পরীক্ষার Registration No দিতে হবে। |

| ধাপসমূহ | ইন্টারনেট আবেদনের জন্য করণীয় |
|---|---|
| | CAD WEB DHA 104285 2017 4320121584<br>ব্যাখ্যা ঃ এখানে DHA-এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের (Dhaka) নামের প্রথম তিন অক্ষর, 104285-আবেদকারীর এসএসসি/সমমান পরীক্ষার পাসের রোল নম্বর, 2017-এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন, এবং 4320121584 – এসএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর।<br><br>২. উপরে বর্ণিত SMS টি সফলভাবে সম্পন্ন হলে ফিরতি SMS-এ আবেদনকারীর নাম, শিক্ষা বোর্ড, পাসের সন এবং রোল নম্বরসহ আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) কেটে নেয়া হবে তা জানিয়ে এশটি PIN কোড প্রদান করা হবে। ফি প্রদানে সম্মত থাকলে Message অপসন (Option) এ যেয়ে CAD <space> YES <space> PIN <space> Contact Number লিখে 16222 নম্বরে Send করতে হবে। Contact Number টি অবশ্যই শিক্ষার্থীর নিজের অথবা অভিভাবকের বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধনকৃত মোবাইল নম্বর হতে হবে।<br>ফি সঠিকভাবে জমা হলে Contact Number এ ফি নিশ্চিতকরণের এশটি Transaction ID সহ SMS যাবে।<br>উদাহরণঃ <u>ফি নিশ্চতকরণ</u><br>CAD YES 1268234 01*********<br>এখানে 1268234 – PIN এবং 01*********- শিক্ষার্থীর/অভিভাবকের ১১ ডিজিটের Contact number।<br><br>▪ <u>বোর্ডের নামের প্রথম তিন অক্ষরঃ</u><br>Dhaka Board-এর জন্য DHA, Comilla Board এর জন্য COM, Rajshahi Board-এর জন্য RAJ, Jessore Board-এর জন্য JES, Chittagong Board-এর জন্য CHI, Barisal Board-এর জন্য BAR, Sylhet Board-এর জন্য SYL, Dinajpur Board-এর জন্য DIN, Madrasha Board-এর জন্য MAD, Technical Education Board-এর জন্য TEC এবং Bangladesh Open University-এর জন্য BOU।<br><br>এখানে উল্লেখ্য যে, ০৯ মে হতে ২৬ মে, ২০১৭ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত ইন্টারনেট-এ আবেদন করা যাবে। |
| ২.২ ইন্টারনেটে আবেদন Submit পদ্ধতি | (ক) নিম্নলিখিত নিয়মে আবেদন Submit করতে হবে।<br>✓ টেলিটকের মাধ্যমে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার পর আবেদনকারীকে নির্ধারিত website-এ (www.xiclassadmission.gov.bd) যেয়ে Apply Online-এ Click করতে হবে; এরপর প্রদর্শিত তথ্য ছকে এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর দেয়া তথ্য সঠিক হলে সে তার ব্যক্তিগত তথ্য ও এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA দেখতে পাবে।<br>✓ এরপর শিক্ষার্থীর Contact Number (ফি প্রদানের সময় প্রদত্ত মোবাইল নম্বর) এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটা (ধাপ ২.৩ অনুযায়ী) দিতে হবে।<br>✓ অতঃপর তাকে ভর্তিচ্ছু শিক্ষা প্রতিষ্ঠান, গ্রুপ, শিফট এবং ভার্সন Select করতে হবে। এভাবে শিক্ষার্থী সর্বোচ্চ ১০টি (ইন্টারনেট এবং SMS উভয় পদ্ধতি মিলে) কলেজ/মাদরাসা Select করতে পারবে। এই ফরমে আবেদনকারী তার সকল আবেদনের পছন্দক্রমও নির্ধারণ করতে পারবে।<br>✓ এরপর আবেদনকারী Preview Application Button-এ ক্লিক করলে তার আবেদনকৃত কলেজের তথ্য ও পছন্দক্রম দেখতে পারবে।<br>✓ Preview-এ দেখানো তথ্যসমূহ সঠিক থাকলে আবেদনকারী Submit Button-এ ক্লিক করবে।<br>✓ আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তার প্রদত্ত Contact মোবাইলে এশটি নিশ্চিতকরণ SMS পাবে এবং সাথে এশটি সিকিউরিটি কোড (Security Code) দেয়া হবে। এই Security Code টি গোপনীয়তা ও সর্তকার সাথে সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে আবেদন সংশোধন ও ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহার করতে হবে।<br>✓ আবেদনকারী চাইলে উক্ত ফরমটি Download করে প্রিন্ট (Print) নিতে পারবে। |

| ধাপসমূহ | ইন্টারনেট আবেদনের জন্য করণীয় |
|---|---|
| | (খ) উপরের নির্দেশনা অনুযায়ী এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দেয়ার পরও শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য ও এসএসসি পরীক্ষার GPA দেখতে না পেলে, তাকে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার Transaction ID টি এন্ট্রি দিতে হবে। পরবর্তীতে ৩০ মিনিট পর ইন্টারনেটে আবেদন করার জন্য পূর্বে উল্লেখিত পদ্ধতিটি অনুসরণ করতে হবে। |
| কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) | (ক) মুক্তিযোদ্ধা ও অন্যান্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে এবং পরবর্তীতে কলেজ/মাদরাসা কর্তৃক যাচাইকরণ হবে বিধায় কোটার অপসন (Option) দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। একজন প্রার্থী একাধিক কোটার যোগ্য হলে- প্রার্থী তা ইন্টারনেটে দিতে পারবে। কোটাসমূহ হল- মুক্তিযোদ্ধা কোটা (FQ), শিক্ষা মন্ত্রণালয়ের অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা এবং প্রতিষ্ঠানের গভর্নিং বডির সদস্যদের সন্তানদের (স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে কলেজ পর্যায়ে নিয়োজিত শিক্ষক, কর্মকর্তা/কর্মচারিগণ) কোটা (EQ), বিশেষ কোটা (SQ) এবং প্রবাসীদের সন্তানদের (পিতা/মাতা বিদেশে কর্মরত) কোটা (PQ)। উল্লেখ্য যে, বিকেএসপি, বিভাগীয় ও জেলা কোটার ক্ষেত্রে শিক্ষার্থী স্বয়ংক্রীয়ভাবে বিবেচিত হবে এবং এজন্যে শিক্ষার্থীকে কোন ইনপুট দিতে হবে না।<br><br>(খ) যে সকল প্রতিষ্ঠানে বিশেষ কোটা (SQ) অনুমোদিত আছে- সে সকল প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের পোষ্যগণ এই বিশেষ কোটার জন্য আবেদন করতে পারবে। উল্লেখ্য যে, বিশেষ কোটায় আবেদনকারী শিক্ষার্থীকে, আবেদন চলাকালীন সময়ের মধ্যে (২৬ মে ২০১৭) ঐ কোটার স্বপক্ষে প্রামান্য কাগজপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে দাখিল করতে হবে। এই সময়ের মধ্যে কলেজসমূহ ইন্টারনেটে বিশেষ কোটা আবেদনকারীদের আবেদন নিশ্চিত করবে। |
| ২.৪ পছন্দক্রম পরিবর্তন | একজন আবেদনকারী সর্বোচ্চ ৫(পাঁচ) বার ইন্টারনেটে ঢুকে কলেজের পছন্দক্রম এবং কলেজ পরিবর্তন করতে পারবে। |

## ৩। SMS-এর মাধ্যমে আবেদনের জন্য করণীয়ঃ

SMS-এর মাধ্যমে আবেদনের জন্য নিচের ধাপ ৩.১ অনুসরণ করতে হবে।

| | |
|---|---|
| ৩.১ SMS-এর মাধ্যমে আবেদন | শুধুমাত্র টেলিটকের মোবাইল সিম (প্রি-পেইড) ব্যবহার করে SMS-এর মাধ্যমে প্রার্থীরা আবেদন করতে পারবে।<br>১. মোবাইলের মেসেজ অপসন (Message Option) এ গিয়ে নিচের পদ্ধতিতে SMS পাঠাতে হবে।<br>কোটা প্রযোজ্য **না** হলে :<br>CAD<space> ভর্তিচ্ছু কলেজের/মাদরাসার EIIN <space> ভর্তিচ্ছু গ্রুপের দুই অক্ষরের Code <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নম্বর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন (চার অংকের সংখ্যা) <space> এসএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর <space> ভর্তিচ্ছু শিফটের এক অক্ষরের Code (শিফট না থাকলে N দিতে হবে) <space> ভর্তিচ্ছু ভার্সনের এক অক্ষরের Code লিখে 16222 নম্বরে Send করতে হবে।<br>কোটা প্রযোজ্য হলে :<br>CAD<space> ভর্তিচ্ছু কলেজের/মাদরাসার EIIN <space> ভর্তিচ্ছু গ্রুপের দুই অক্ষরের Code <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নম্বর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন (চার অংকের সংখ্যা) <space> এসএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর <space> ভর্তিচ্ছু শিফটের এক অক্ষরের Code (শিফট না থাকলে N দিতে হবে) <space> ভর্তিচ্ছু ভার্সনের এক অক্ষরের Code <space> কোটার জন্য দুই অক্ষরের Code লিখে 16222 নম্বরে Send করতে হবে ।<br>কোন আবেদনকারীর একাধিক কোটায় আবেদন করার যোগ্যতা থাকলে কমা (,) দিয়ে একাধিক কোটা উল্লেখ করতে হবে। যেমন - কোন শিক্ষার্থী মুক্তিযোদ্ধা এবং বিশেষ কোটায় আবেদনের যোগ্যতা থাকলে তাকে কোটার জন্য FQ,SQ লিখতে হবে। |

উদাহরণঃ কোটা প্রযোজ্য না হলে

CAD 696954 SC DHA 123456 2017 1523678902 D B

ব্যাখ্যা ঃ এখানে 696954 ভর্তিচ্ছু কলেজের/মাদরাসার EIIN, SC- ভর্তিচ্ছু গ্রুপের (Science) দুই অক্ষর, DHA- এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের (Dhaka) নামের প্রথম তিন অক্ষর, 123456 -আবেদকারীর এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নম্বর, 2017- এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন, 1523678902 - রেজিস্ট্রেশন নম্বর, D - শিফট Day এর Code, B - ভার্সন Bangla এর Code।

উদাহরণঃ কোটা প্রযোজ্য হলে

CAD 696954 SC DHA 123456 2017 1523678902 D B FQ

ব্যাখ্যা ঃ এখানে উপরের উদাহরনের সাথে যোগ হয়েছে FQ - মুক্তিযোদ্ধা (Freedom Fighter) কোটার Code। এ ভাবে শিক্ষা কোটা হলে EQ, বিশেষ কোটা SQ এবং প্রবাসীদের সন্তানদের জন্য কোটা হলে PQ দিতে হবে।

২. উপরে বর্ণিত SMS টি সফলভাবে সম্পন্ন হলে - ফিরতি SMS-এ আবেদনকারীর নাম, কলেজ/মাদরাসার EIIN ও নাম, গ্রুপের নাম এবং শিফটসহ ফি বাবদ ১২০/- (একশত বিশ টাকা মাত্র) কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে Message অপশন গিয়ে CAD <space> YES <space> PIN <space> Contact number লিখে 16222 নম্বরে Send করতে হবে। **Contact Number টি অবশ্যই শিক্ষার্থীর নিজের অথবা অভিভাবকের বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধনকৃত মোবাইল নম্বর হতে হবে।**

ফি সঠিকভাবে জমা হলে Contact Number এ ফি নিশ্চিতকরণের একটি Transaction ID সহ SMS যাবে।

উদাহরণঃ আবেদন নিশ্চিতকরণ

CAD YES 1268234 01*********

এখানে 1268234 - PIN এবং 01********* - শিক্ষার্থী/অভিভাবকের ১১ ডিজিটের Contact number।

- পছন্দক্রম নির্ধারণ ও পরিবর্তন:

SMS-এর মাধ্যমে উপরে বর্ণিত পদ্ধতিতে একাধিক শিক্ষা প্রতিষ্ঠান/ গ্রুপে আবেদনের SMS পাঠানোর সময় অনুযায়ী পছন্দক্রম নির্ধারিত হবে। অর্থাৎ এক জন শিক্ষার্থীর সর্বাগ্রে SMS-এর মাধ্যমে আবেদনকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ গ্রুপে সর্ব প্রথম পছন্দ অনুযায়ী বিবেচিত হবে। একই ভাবে পরবর্তী আবেদন গুলোর ক্রম নির্ধারিত হবে। ইন্টারনেট ও SMS উভয় পদ্ধতিতে আবেদনের ক্ষেত্রে, উভয় আবেদনের সময় অনুযায়ী আবেদনের পছন্দক্রম নির্ধারিত হবে। তবে SMS-এর মাধ্যমে আবেদনকৃত শিক্ষা প্রতিষ্ঠান ও গ্রুপের তথ্য ইন্টারনেটে প্রদর্শিত হবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ ৫(পাঁচ) বার তার পছন্দক্রম ও কলেজ ইন্টারনেটে পরিবর্তন করতে পারবে।

- বোর্ডের নামের প্রথম তিন অক্ষর:

Dhaka Board এর জন্য DHA, Comilla Board এর জন্য COM, Rajshahi Board এর জন্য RAJ, Jessore Board এর জন্য JES, Chittagong Board এর জন্য CHI, Barisal Board এর জন্য BAR, Sylhet Board এর জন্য SYL, Dinajpur Board এর জন্য DIN, Madrasha Board এর জন্য MAD এবং Technical Education Board এর জন্য TEC এবং Bangladesh Open University এর জন্য BOU।

- ভর্তিচ্ছু গ্রুপের Code:

ক) সাধারণ শিক্ষা বোর্ড ঃ

Science এর জন্য SC, Humanities এর জন্য HU, Business Studies এর জন্য BS, Home Science এর জন্য HS এবং Islamic Studies এর জন্য IS এবং Music এর জন্য MC লিখতে হবে।

খ) মাদরাসা শিক্ষা বোর্ড ঃ

Science এর জন্য SC, General এর জন্য GE এবং Muzabbid এর জন্য MU লিখতে হবে।

গ) কারিগরি শিক্ষা বোর্ড ঃ

নিম্নের ছকে বিভিন্ন গ্রুপ এর Code সমূহ দেয়া হল-

| Group Name | Code | Group Name | Code |
|---|---|---|---|
| HSCVOC - Agro Machinery | AM | HSCVOC - Industrial Wood Working | IW |
| HSCVOC - Automobile | AU | HSCVOC - Poultry Rearing and Farming | PR |
| HSCVOC - Building Maintenance and Construction | BC | HSCVOC - Refrigeration and Air-conditioning | RA |
| HSCVOC - Clothing and Garments Finishing | CG | HSCBM - Accounting | HA |
| HSCVOC - Computer Operation and Maintenance | CO | HSCBM - Banking | HB |
| HSCVOC - Drafting Civil | DC | HSCBM - Computer Operation | HC |
| HSCVOC - Electrical Works and Maintenance | EW | HSCBM - Entrepreneurship Development | HE |
| HSCVOC - Electronic Control and Communication | EC | HSCBM - Secretarial Science | HS |
| HSCVOC - Fish Culture and Breeding | FC | DCOM - Shorthand | DS |
| HSCVOC - Machine Tools Operation and Maintenance | MT | DCOM - Accounting | DA |
| HSCVOC - Welding and Fabrication | WF | | |

- শিফটের Code:
  Morning এর জন্য M, Day এর জন্য D, Evening এর জন্য E এবং আবেদনকৃত কলেজে/মাদ্রাসার যদি কোন শিফট না থাকে তবে শিফটের স্থানে N লিখতে হবে।
- ভার্সনের Code:
  Bangla ভার্সনের জন্য B, English ভার্সনের জন্য E লিখতে হবে।
- কোটার Code:
  মুক্তিযোদ্ধা কোটার জন্য FQ, শিক্ষা মন্ত্রণালয়-এর অধ:স্থন দপ্তরসমূহ এবং উচচ মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারি ও গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের কোটার জন্য EQ, বিশেষ কোটার জন্য SQ এবং প্রবাসীদের সন্তানদের (পিতা/মাতা বিদেশে কর্মরত) কোটার জন্য PQ লিখতে হবে।
- উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ক্ষেত্রেঃ
  উন্মুক্ত বিশ্বিবিদ্যালয় থেকে পাসকৃত আবেদন কারীদের ক্ষেত্রে রোল নম্বর এবং রেজিস্ট্রেশন নম্বর একই বলে বিবেচিত হবে। এ ক্ষেত্রে রোল নম্বরে অন্তর্ভূক্ত '-' চিহ্নটি উপেক্ষা করতে হবে।

এখানে উল্লেখ্য যে,

- ২৬ মে ২০১৭ তারিখ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত আবেদন করা যাবে।
- SMS-এর মাধ্যমে একজন আবেদনকারী একাধিক প্রতিষ্ঠানে (অনধিক-১০টি)/একই প্রতিষ্ঠানের একাধিক গ্রুপ অথবা একাধিক শিফটে আলাদাভাবে আবেদন করতে পারবে। তবে প্রতি ক্ষেত্রেই ফি বাবদ ১২০/- (একশত বিশ টাকা) প্রদান করতে হবে।
- একজন প্রার্থী ইন্টারনেট ও SMS উভয় পদ্ধতি মিলে সর্বোচ্চ ১০টি কলেজে আবেদন করতে পারবে।
- একই Contact mobile number ব্যবহার করে একাধিক শিক্ষার্থী আবেদন করতে পারবে না।

## ৪। আবেদন যাচাই-বাছাই ও আপত্তি  নিষ্পত্তি করণঃ

ভর্তির জন্য আবেদনের ক্ষেত্রে কোন ভুল তথ্য দেয়া হয়ে থাকলে বা ভুয়া আবেদন করা হয়ে থাকলে ২৭-০৫-২০১৭ তারিখের মধ্যে শিক্ষা বোর্ডকে অবহিত করলে কর্তৃপক্ষ নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবেঃ

- আপত্তি নিষ্পত্তি করণ সাপেক্ষে আবেদন সংশোধন।
- ভুয়া (Fake) আবেদন বাতিল/সংশোধন।

## ৫। পুনঃনিরীক্ষণের জন্য আবেদনকরীদের নির্দেশনাঃ

যে সমস্ত শিক্ষার্থী পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছে, তাদেরকেও  ৯ মে থেকে ২৬ মে ২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের চাহিদাকৃত নূন্যতম GPA ও অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে অবশ্যই ভর্তির জন্য আবেদন করতে হবে। কোন শিক্ষার্থীর ফল পরিবতিত হলে, পূর্বে আবেদনকৃত প্রতিষ্ঠান ছাড়া অন্য কোন প্রতিষ্ঠানে আবেদনের নূন্যতম GPA এর শর্তপূরণ হলে- ঐ সকল নতুন শিক্ষা প্রতিষ্ঠানে ৩০ মে ২০১৭ থেকে ৩১ মে ২০১৭ তারিখ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত আবেদন করতে পারবে, পূর্বের পছন্দের কলেজ বাতিল করতে পারবে এবং পছন্দক্রমও পরিবর্তন করতে পারবে।

## ৬। মেধামান নির্ধারণ ঃ

৬.১ একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০১৭ অনুসরণপূর্বক ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ ও মেধামান নির্ণয় করা হবে। আবেদনকারীদের বিভিন্ন কলেজ/মাদরাসা /সমমানের প্রতিষ্ঠানে আবেদনের ভিত্তিতে ঐ প্রতিষ্ঠানের নির্দিষ্ট গ্রুপ/শিফট/ ভার্সন, আসন সংখ্যা, পছন্দক্রম এবং নিম্ন বর্ণিত নিয়মানুযায়ী মেধামান নির্ধারণপূর্বক একজন আবেদনকারী শিক্ষার্থীকে শুধুমাত্র একটি শিক্ষাপ্রতিষ্ঠানে নির্বাচিত করা হবে।

৬.২ (ক) এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-র ভিত্তিতে শিক্ষার্থীদের মেধাক্রম নির্ধারণ করা হবে।

(খ) সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করা হবে।

(গ) বিজ্ঞান গ্রুপে ভর্তির ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের জন্য পর্যায়ক্রমে সাধারণ গণিত ও  উচ্চতর গণিত/ জীববিজ্ঞানে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

(ঘ) ক ও খ-এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভুত জটিলতা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ বিজ্ঞান ও রসায়নে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

(ঙ) মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নিষ্পত্তির লক্ষ্যে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

(চ) এক গ্রুপের প্রার্থী অন্য গ্রুপ ভর্তির ক্ষেত্রে জিপিএ একই হলে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থী বাছাইকল্পে উদ্ভুত জটিলতা নিরসন না হলে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

## ৭।  ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ, প্রকাশ এবং মাইগ্রেশন ঃ

৩ (তিন) টি পর্যায়ে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে এবং সর্বোচ্চ ২(দুই) বার মাইগ্রেশন করার সুযোগ দেওয়া হবে।

**৭.১। ১ম পর্যায়ের ফলাফল প্রক্রিয়াকরণ:**

- একজন শিক্ষার্থী তার আবেদনের সময় দেয়া কলেজ পছন্দক্রম ও এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল, কোটা ইত্যাদির ভিত্তিতে শুধুমাত্র ১টি কলেজেই সিলেকশন পাবে।

- নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়ে নির্বাচিত কলেজে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবে। উক্ত শিক্ষার্থী ইচ্ছা করলে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার পর কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) জন্য অপশন দিতে পারবে এবং এক্ষেত্রে কলেজ পছন্দক্রম পরিবর্তনও করতে পারবে। উল্লেখ্য যে, প্রত্যেক নির্বাচিত শিক্ষার্থীকে অবশ্যই ১৮৫/- টাকা জমা দিয়ে ভর্তি নিশ্চায়ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর মনোনয়ন ও আবেদন বাতিল হবে। এমন শিক্ষার্থী ইচ্ছা করলে পরবর্তী পর্যায়ের জন্য আবেদন ফি জমা দিয়ে নতুন আবেদন করতে পারবে।

- যে সকল শিক্ষার্থী আবেদনকৃত কোন কলেজেই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতোপূর্বে কোন কলেজেই আবেদন করে নাই তারা আবেদন ফি জমা সাপেক্ষে আবেদন করতে পারবে।

**৭.২। ২য় পর্যায়ের ফলাফল প্রক্রিয়াকরণঃ**

- মাইগ্রেশনের জন্য আবেদনকৃত একজন শিক্ষার্থীকে তার চাহিত কলেজে আসন খালি থাকা সাপেক্ষে এবং মেধাক্রমের ভিত্তিতে শুধু মাত্র ১টি কলেজেই মাইগ্রেট করা হবে এবং নতুন আবেদনকৃত শিক্ষার্থীদেরকে প্রথম পর্যায়ের মত একইভাবে কলেজে সিলেকশন দেওয়া হবে।
- এক্ষেত্রেও নতুন সিলেকশন পাওয়া শিক্ষার্থী নিজেই বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা অনলাইনে জমা দিয়ে নির্বাচিত কলেজে প্রাথমিকভাবে ভর্তি নিশ্চায়ন করবে। ১ম পর্যায়ে যারা বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছিল তাদের আর এই ফি জমা দিতে হবে না।
- এ পর্যায়েও প্রাথমিক নিশ্চায়নকারী শিক্ষার্থী ইচ্ছা করলে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার পর কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) জন্য অপশন দিতে পারবে এবং এক্ষেত্রে কলেজ পছন্দক্রম পরিবর্তনও করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী আবেদনকৃত কোন কলেজেই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতোপূর্বে কোন কলেজেই আবেদন করে নাই তারা নতুন করে আবেদন ফি জমা সাপেক্ষে আবেদন করতে পারবে।

**৭.৩। ৩য় পর্যায়ের ফলাফল প্রক্রিয়াকরণঃ**

- এ পর্যায়েও একই পদ্ধতিতে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে এবং শিক্ষার্থী একইভাবে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা অনলাইনে জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করবে। ১ম অথবা ২য় পর্যায়ে যারা বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছিল তাদের আর এই ফি জমা দিতে হবে না।

**৭.৪। চূড়ান্ত ফলাফল প্রকাশঃ**

- ফলাফল প্রক্রিয়াকরণের পর নির্দিষ্ট তারিখে শিক্ষার্থীদেরকে SMS-এর মাধ্যমে ফলাফল জানানো হবে এবং একই সাথে SMS-এ একটি গোপনীয় Security Code প্রদান করা হবে। এই Security Code টি ভর্তি নিশ্চায়নের জন্য সংরক্ষণ করতে হবে। তাছাড়াও শিক্ষার্থীরা ভর্তির ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd থেকে ভর্তির বিস্তারিত ফলাফল জানতে পারবে।

## ৮। কলেজে ভর্তিঃ

নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট কলেজে প্রেরণ করা হবে। অতঃপর ভর্তির জন্য নির্ধারিত তারিখে শিক্ষার্থী কলেজে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্র ও অনুমোদিত ফি জমা দিয়ে ভর্তি হবে এবং কলেজ শিক্ষার্থীর Security Code ব্যবহার করে ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করবে।

## ৯। আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরুর সময়সূচি ঃ

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবেঃ

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৯.১ | ভর্তির অন-লাইন ও এসএমএস আবেদন গ্রহণ (যারা পুনঃ নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদের এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ০৯/০৫/২০১৭ থেকে ২৬/০৫/২০১৭ |
| ৯.২ | আবেদন যাচাই-বাছাই ও আপত্তি নিস্পত্তি | ২৭/০৫/২০১৭ থেকে ২৯/০৫/২০১৭ |
| ৯.৩ | শুধুমাত্র পুনঃনিরীক্ষনে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহন | ৩০/০৫/২০১৭ থেকে ৩১/০৫/২০১৭ |
| ৯.৪ | প্রথম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ০৫/০৬/২০১৭ |
| ৯.৫ | শিক্ষার্থীদের সিলেকশন নিশ্চায়ন | ০৬/০৬/২০১৭ থেকে ০৮/০৬/২০১৭ |
| ৯.৬ | মাইগ্রেশনের আবেদন (অপশন প্রদান) ও নতুন আবেদন | ০৯/০৬/২০১৭ থেকে ১০/০৬/২০১৭ |
| ৯.৭ | ২য় পর্যায়ের ফল প্রকাশ | ১৩/০৬/২০১৭ |
| ৯.৮ | ২য় পর্যায়ের শিক্ষার্থীদের সিলেকশন নিশ্চায়ন | ১৪/০৬/২০১৭ থেকে ১৫/০৬/২০১৭ |
| ৯.৯ | মাইগ্রেশনের আবেদন (অপশন প্রদান) ও নতুন আবেদন | ১৬/০৬/২০১৭ থেকে ১৭/০৬/২০১৭ |
| ৯.১০ | ৩য় পর্যায়ের ফল প্রকাশ | ১৮/০৬/২০১৭ |
| ৯.১১ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীদের সিলেকশন নিশ্চায়ন | ১৯/০৬/২০১৭ |
| ৯.১২ | ভর্তি | ২০/০৬/২০১৭ থেকে ২২/০৬/২০১৭ এবং ২৮/০৬/২০১৭ থেকে ২৯/০৬/২০১৭ |
| ৯.১৩ | ক্লাস শুরু | ০১/০৭/২০১৭ |

০৮.০৫.১৭

(প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান)
**সভাপতি**
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।